

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

সরকারের উন্নয়ন কর্মসূচীর অংশ হিসাবে বৃহত্তর রংপুর অঞ্চলে ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা মেটানোর লক্ষ্যে ২৯.৯৫১ কিঃ মিঃ দৈর্ঘ্যের সৈয়দপুর হতে জলঢাকা পর্যন্ত ১৩২ কেভি ডাবল সার্কিট সঞ্চালন লাইন নির্মাণ কাজ শেষ করা হয়েছে। লাইনটি আগামী ২৫ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ, বৃহস্পতিবার বিকাল ৩:০০ ঘটিকায় ১,৩২,০০০ ভোল্টেজ দিয়ে সৈয়দপুর গ্রীড উপকেন্দ্র হতে চালু করা হবে। চালুর পর হতে লাইনটি হাই ভোল্টেজে বিদ্যুতায়িত থাকবে। নবনির্মিত লাইনটি নীলফামারী জেলার অন্তর্গত সৈয়দপুর উপজেলার সোনাখালী মৌজা; নীলফামারী সদর উপজেলার বেংমারী, কানিয়াল খাতা, সিংদই, দুহুলী মৌজা এবং জলঢাকা উপজেলার হরিশ্চন্দ্রপাঠ, দরিণ দেশীবাই, উত্তর দেশীবাই, পূর্ব কাঁঠালী ও দুন্দীবাড়ী মৌজার উপর দিয়ে অতিক্রম করেছে।

দূর্ঘটনা এড়াতে জনসাধারণকে উক্ত সঞ্চালন লাইনের টাওয়ারে আরোহন, গবাদি পশু বাঁধা, টাওয়ারে রশি বেঁধে কাপড় শুকানো, লাইনের নিচে ও পাশে বাঁশঝাড় ও বড় বৃষাদি রোপন প্রভৃতি ঝুঁকিপূর্ণ কাজ হতে বিরত থাকার জন্য অনুরোধ করা যাচ্ছে। একইসঙ্গে সকলকে ১৩২ কেভি লাইন ও টাওয়ার হতে নিরাপদ (লাইনের উভয় পাশে ১৫ মিটার) দূরত্বে থাকতে অনুরোধ করা হচ্ছে। কেউ উচ্চ ভোল্টেজে বিদ্যুতায়িত সঞ্চালন লাইন বা টাওয়ারের সংস্পর্শে এসে দূর্ঘটনার শিকার হলে “পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ (পিজিসিবি)” দায়ী থাকবে না।

মাহবুব আহমেদ

প্রকল্প পরিচালক (প্রধান প্রকৌশলী)

এনপিটিএনডি প্রকল্প, পিজিসিবি, ঢাকা।